

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৬৭৮

৩/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৪১. সমস্ত সম্পদ দানের অনুমতি সম্পর্কে

باب فِي الرُّخْصَةِ فِي ذَلِكَ

### আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، وَعُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، \_ وَهَذَا حَدِيثُهُ \_ قَالَ حَدَّثَنَا الْفَضْلُ بْنُ دُكُيْنٍ، حَدَّثَنَا هِشَامُ بْنُ سَعْدٍ، عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ، عَنْ أَبِيهِ، قَالَ سَمِعْتُ عُمَرَ بْنَ الْخَطَّابِ، \_ رضى الله عنه \_ يَقُولُ أَمَرَنَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَوْمًا أَنْ نَتَصَدَّقَ فَوَافَقَ ذَلِكَ مَالاً عِنْدِي فَقُلْتُ الْيَوْمَ أَسْبِقُ أَبًا بَكْرٍ إِنْ سَبَقْتُهُ يَوْمًا فَجِبْتُ بِنِصْفِ مَالِي فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " مَا أَبْقَيْتَ لأَهْلِكَ " . قُلْتُ مِثْلَهُ . قَالَ وَأَتَى مَا أَبْقَيْتَ لأَهْلِكَ " . قُلْتُ مِثْلَهُ . قَالَ وَأَتَى مَا أَبْقَيْتَ لأَهْلِكَ " . قُلْتُ مِثْلَهُ . قَالَ وَأَتَى مَا أَبْقَيْتَ لأَهْلِكَ " . قَالَ أَلهُ مَا عِنْدَهُ فَقَالَ لَهُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " مَا أَبْقَيْتَ لأَهْلِكَ " . قَالَ أَبْقَيْتُ لأَهْلِكَ " . قَالَ أَبْقَيْتُ لَهُمُ الله وَرَسُولَهُ . قُلْتُ لَا أُسَابِقُكَ إِلَى شَيْءٍ أَبَدًا .

\_ حسن

#### বাংলা

১৬৭৮। 'উমার ইবনুল খাত্তাব (রাঃ) বলেন, একদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে সাদাকা করার নির্দেশ দেন। ঘটনাক্রমে সেদিন আমার কাছে মালও ছিলো। আমি (মনে মনে) বললাম, আজ আমি আবূ বকর (রাঃ) এর অগ্রগামী হবো, যদিও আমি কোন দিন দানে তার অগ্রগামী হতে পারিনি। কাজেই আমি আমার অর্ধেক মাল নিয়ে উপস্থিত হলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে জিজ্ঞেস করলেনঃ পরিবারের জন্য কি অবশিষ্ট রেখে এসেছো? আমি বললাম, এর সম-পরিমান।

'উমার (রাঃ) বলেন, আর আবৃ বকর (রাঃ) তার সমস্ত মাল নিয়ে উপস্থিত হলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে জিজ্ঞেস করলেনঃ পরিবারের জন্য কি অবশিষ্ট রেখে এসেছো? তিনি বললেন, আল্লাহ এবং তাঁর রসূলকে রেখে এসেছি। তখন আমি ('উমার) বললাম, আমি কখনো কোনো বিষয়েই আপনাকে অতিক্রম করতে পারবো না।[1]



হাসান।

## **English**

#### Narrated Umar ibn al-Khattab:

The Messenger of Allah (\*\*) commanded us one day to give sadaqah. At that time I had some property. I said: Today I shall surpass AbuBakr if I surpass him any day. I, therefore, brought half my property. The Messenger of Allah (\*\*) asked: What did you leave for your family? I replied: The same amount. AbuBakr brought all that he had with him. The Messenger of Allah (\*\*) asked him: What did you leave for your family? He replied: I left Allah and His Apostle for them. I said: I shall never compete you in anything.

### ফুটনোট

[1] তিরমিয়ী (অধ্যায় : যাকাত, হাঃ ৩৬৭৫), ইবনু আব 'আসিম 'সুনান' (হাঃ ১২৪০), বায়হাকী, হাকিম। ইমাম হাকিম ও যাহাবী একে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আহমাদ।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন